



রাজউক প্লট দুর্নীতিতে জয়-পুতুলের ৫ বছরের কারাদণ্ড



সংগৃহীত ছবি

রাজধানীর পূর্বাচল প্রকল্পে সরকারি প্লট বরাদ্দে অনিয়মের অভিযোগে পৃথক তিনটি মামলায় দুদক আদালত ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছেলে সজীব ওয়াজেদ জয়কে ৫ বছরের সশ্রম কারাদণ্ড ও এক লাখ টাকা জরিমানা দিয়েছেন। একই মামলায় তার মেয়ে সায়মা ওয়াজেদ পুতুলও ৫ বছরের কারাদণ্ডের মুখোমুখি হয়েছেন।

বৃহস্পতিবার (২৭ নভেম্বর) ঢাকার বিশেষ জজ আদালত-৫-এর বিচারক মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন রায় ঘোষণা করেন। মামলার অন্য আসামি রাজউকের সাবেক সদস্য মোহাম্মদ খুরশীদ আলমকে ১ বছরের কারাদণ্ড এবং সাইফুল ইসলাম সরকারকে খালাস দেওয়া হয়। এর আগে, একই তিন মামলায় শেখ হাসিনাকে ২১ বছরের কারাদণ্ড দেয়া হয়েছিল। রায় ঘোষণার আগে আদালত এলাকা ও আশপাশে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়; বিজিবি ও পুলিশ মোতায়েন ছিল। মামলার শুরু থেকে শেখ হাসিনা, তার ছেলে জয় ও কন্যা পুতুল পলাতক রয়েছেন।

LENS ASIA